

**উড়ান-অধিকারের অনুমতি সম্পর্কে পাকিস্তানের এক বিবৃতিকে কেন্দ্র করে
গণমাধ্যমের প্রশ্নের জবাবে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া**

ডিসেম্বর 02, 2025

ওভারফ্লাইট অনুমতি বিষয়ে পাকিস্তানের এক বিবৃতিকে কেন্দ্র করে গণমাধ্যমের প্রশ্নের
জবাবে সরকারি মুখপাত্র শ্রী রণধীর জয়সওয়াল বলেন:

আমরা পাকিস্তানের বিদেশ মন্ত্রণালয়ের দেওয়া হাস্যকর বিবৃতিটি প্রত্যাখ্যান করছি, যা
আবারও ভারত বিরোধী ভ্রান্ত তথ্য ছড়ানোর একটি প্রচেষ্টা।

শ্রীলঙ্কার জন্য মানবিক সহায়তা বহনকারী পাকিস্তানি বিমানের ওভারফ্লাইট অনুমতির
অনুরোধটি 2025 সালের 01 ডিসেম্বর প্রায় 1300 ঘণ্টায় ইসলামাবাদে ভারতীয় হাইকমিশন
পেয়েছিল.

মানবিক সহায়তার জরুরিতার কথা বিবেচনা করে, ভারত সরকার একই দিনে দ্রুততার সঙ্গে
অনুরোধটি প্রক্রিয়াকরণ করে এবং 2025 সালের 01 ডিসেম্বর 1730 ঘণ্টায় প্রস্তাবিত
ভ্রমণসূচি অনুযায়ী ওভারফ্লাইটের অনুমতি প্রদান করে.

এই চ্যালেঞ্জিং সময়ে শ্রীলঙ্কার জনগণকে সকল উপায়ে সহায়তা করার জন্য ভারত
প্রতিশ্রুতিবদ্ধ।

নয়া দিল্লি

ডিসেম্বর 02, 2025